গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১২৪/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ০৩ এপ্রিল, বুধবার ২০২৪, ২০ চৈত্র ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

০১। রূপপুরে আরেকটি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র স্থাপনের জন্য রোসাটমের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান

০২। উপজেলা নির্বাচনে হস্তক্ষেপ করলে সাংগঠনিক ব্যবস্থা নেয়ার হুঁশিয়ারি সড়ক পরিবহন ও সেতুমন্ত্রীর; নির্বাচন সুষ্ঠু করাই লক্ষ্য মন্তব্য নির্বাচন কমিশনারের

০৩। দেশি-বিদেশি টিভি চ্যানেলের ফিড কেবলমাত্র বৈধ ক্যাবল ও ডিটিএইচ অপারেটররা গ্রাহকের কাছে পৌঁছাতে পারবে

০৪। ট্রেনে ফিরতি ঈদযাত্রার অগ্রিম টিকিট বিক্রি শুরু আজ

০৫। এইচএসসি পরীক্ষা শুরু ৩০ জুন; রুটিন প্রকাশ

## ০১। রূপপুরে আরেকটি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র স্থাপনের জন্য রোসাটমের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সুযোগ থাকলে রূপপুরে আরেকটি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র স্থাপন করার জন্য রাশিয়ার রাষ্ট্রীয় পরমাণুশক্তি কর্পোরেশন রোসাটমের প্রতি আহ্বান জানিয়েছেন। রোসাটমের মহাপরিচালক আলেক্সি লিখাচেভ মঙ্গলবার (০২ এপ্রিল) প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে তাঁর সঙ্গে সৌজন্য সাক্ষাতে এলে প্রধানমন্ত্রী এ অনুরোধ জানান। বৈঠক শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার মো. নজরুল ইসলাম জানান, প্রধানমন্ত্রী চলমান প্রকল্পের কাজ শেষ করার পর রূপপুর পারমানবিক বিদ্যুৎকেন্দ্রের (আরএনপিপি) জায়গায় নতুন আরেকটি প্লান্ট নির্মাণের আহ্বান জানিয়েছেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, আজকের বাংলাদেশ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও দৈনিক বিশ্বের মুখপত্র।

## ০২। উপজেলা নির্বাচনে হস্তক্ষেপ করলে সাংগঠনিক ব্যবস্থা নেয়ার হুঁশিয়ারি সড়ক পরিবহন ও সেতুমন্ত্রীর; নির্বাচন সুষ্ঠু করাই লক্ষ্য মন্তব্য নির্বাচন কমিশনারের

আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে কোনো প্রকার অবৈধ হস্তক্ষেপ এবং নির্বাচনের নিরপেক্ষতা বিনষ্টকারী কর্মকাণ্ডে জড়িত না থাকার জন্য মন্ত্রীসহ দলীয় এমপি ও নেতাকর্মীদের প্রতি আওয়ামী লীগের সাংগঠনিক নির্দেশনা ও অবৈধ হস্তক্ষেপকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। মঙ্গলবার (০২ এপ্রিল) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এই নির্দেশনার কথা জানান তিনি। এদিকে, নির্বাচন কমিশনার রাশেদা সুলতানা আসছে উপজেলা নির্বাচন সুষ্ঠু করাই লক্ষ্য বলে জানিয়েছেন। মঙ্গলবার রাজশাহীতে জেলা শিল্পকলা একাডেমিতে আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, আজকের বাংলাদেশ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও দৈনিক বিশ্বের মুখপত্র।

## ০৩। দেশি-বিদেশি টিভি চ্যানেলের ফিড কেবলমাত্র বৈধ ক্যাবল ও ডিটিএইচ অপারেটররা গ্রাহকের কাছে পৌঁছাতে পারবে

তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত জানিয়েছেন, সরকার অনুমোদিত দেশি ও বিদেশি টিভি চ্যানেলের ফিড কেবলমাত্র বৈধ ক্যাবল ও ডিটিএইচ অপারেটররা গ্রাহকের কাছে পৌঁছাতে পারবে। তাদের বাইরে অন্য কেউ এ কাজ করলে তা বেআইনি ও অবৈধ। মঙ্গলবার (০২ এপ্রিল) বিকেলে সচিবালয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সভাকক্ষে টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ে দেশি বিদেশি টেলিভিশন চ্যানেলের অবৈধ সম্প্রচার বন্ধে আইনগত ব্যবস্থাগ্রহণ সংক্রান্ত এক সভা শেষে প্রতিমন্ত্রী একথা জানান। সূত্র: দৈনিক স্বজন, আজকের বাংলাদেশ ও দৈনিক নিউ টাইমস।

## ০৪। ট্রেনে ফিরতি ঈদযাত্রার অগ্রিম টিকিট বিক্রি শুরু আজ

ঈদুল ফিতর শেষে ফিরতি যাত্রা অগ্রিম টিকিট বিক্রি শুরু হচ্ছে আজ বুধবার (০৩ এপ্রিল) সকাল ০৮টা থেকে। বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইট ও মোবাইল অ্যাপের মাধ্যমে টিকিট বিক্রি করা হবে। সম্প্রতি প্রকাশিত বাংলাদেশ রেলওয়ের ঈদুল ফিতর উপলক্ষ্যে নেয়া কার্যবিবরণী থেকে এ তথ্য জানা গেছে। কার্যবিবরণীতে বলা হয়েছে, আগের ঈদগুলোয় ৫ দিনের টিকিট বিক্রি করলেও এবারই প্রথম ৭ দিনের টিকিট বিক্রি করবে রেলওয়ে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক নিউ টাইমস।

## ০৫। এইচএসসি পরীক্ষা শুরু ৩০ জুন; রুটিন প্রকাশ

চলতি বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা আগামী ৩০ জুন থেকে শুরু হবে। মঙ্গলবার (০২ এপ্রিল) আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির আহ্বায়ক প্রফেসর আবুল বাশার স্বাক্ষরিত রুটিন প্রকাশ করা হয়েছে। সময়সূচী অনুযায়ী, বাংলা আবশ্যিক প্রথমপত্রের মাধ্যমে শুরু হবে এই পরীক্ষা। ১১ আগস্ট শেষ হবে লিখিত পরীক্ষা। এরপর ১২ আগস্ট থেকে ব্যবহারিক পরীক্ষা শুরু হয়ে ২১ আগস্টের মধ্যে শেষ হবে। আগামী ১৬ এপ্রিল থেকে পরীক্ষার ফরম পূরণ শুরু হয়ে চলবে ২৫ এপ্রিল পর্যন্ত। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, আজকের বাংলাদেশ, দৈনিক সবুজ ও দৈনিক বিশ্বের মুখপত্র।

## সম্পাদকীয়

**(ক)** **দৈনিক স্বদেশ সংবাদ:** অব্যাহত মূল্যস্ফীতির কারণে ভোক্তাদের যখন দম বন্ধ হওয়ার মতো পরিস্থিতি সৃষ্টি হয়েছে, তখন ঈদকে সামনে রেখে ব্যবসায়ী সিন্ডিকেট অতিরিক্ত মুনাফা করে মানুষের দুর্ভোগ আরো বাড়িয়ে চলেছে। বাজারের নিয়ন্ত্রণ যাতে দুষ্টচক্রের হাতে চলে না যায়, সেজন্য কঠোর মনিটরিং দরকার। সরকার অবিলম্বে ঈদপণ্যের যৌক্তিক মূল্য নির্ধারণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে, এটাই প্রত্যাশা।

**(খ)** **দৈনিক স্বজন**: আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে ছুটির ফাঁদে পড়তে যাচ্ছে বাংলাদেশ। এবার সাপ্তাহিক ছুটি ও দিবসের ছুটির কারণে লম্বা ছুটি ষভোগের সুযোগ পাচ্ছেন সংশ্লিষ্টরা। ঈদ আনন্দ যথাযথভাবে সবাই ছুটির মধ্যে উপভোগ করে আবারো নিজ নিজ কাজে ফিরে আসুক এবং ঈদ সবার জীবনে বয়ে আনুক অনাবিল সুখ, শান্তি, উন্নতি।

**(গ)** **দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ ও দৈনিক বিশ্বের মুখপত্র:** মানবপাচার আধুনিক সভ্যতার অন্যতম জঘন্য অপরাধ। বাংলাদেশের বিশাল জনগোষ্ঠীর দারিদ্র্য ও কর্মসংস্থানের ব্যাপক সংকট থাকায় অশিক্ষিত ও স্বল্পশিক্ষিত নারী-পুরুষ ও শিশুরা প্রলোভনে পড়ে এসব পাচারকারীদের চক্রান্তের শিকার হয়ে থাকে। পাচার রোধে দেশব্যাপী জনসচেতনতামূলক কার্যক্রম ও সামাজিক আন্দোলন করা খুবই জরুরী। তবে জীবিকার মানোন্নয়ন ছাড়া মানব পাচার প্রতিরোধ নিয়ন্ত্রণ সম্ভব নয়। এ লক্ষ্যে সরকারকে নানামুখী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

## প্রবন্ধ/নিবন্ধ

০১। ফ্রিল্যান্সিং: অর্থনৈতিক সমৃদ্ধির নতুন মাধ্যম- মো. শামসুল হুদা (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)

০২। পাখির প্রজনন লড়াই- প্রকাশ ঘোষ বিধান (দৈনিক সবুজ)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৪/১০.৩০ ঘণ্টা।